

এমএড প্রোগ্রাম

TMA (Tutor Marked Assignment) তৈরির নির্দেশনা

- TMA অবশ্যই স্বহস্তে লিখতে হবে (কম্পিউটার কম্পোজ গ্রহণযোগ্য নয়)।
- TMA ৪০০-৫০০ শব্দের মধ্যে হতে হবে।
- TMA তৈরিতে প্রশিক্ষার্থীকে স্বকীয়তা ও সৃজনশীলতা প্রয়োগ করতে হবে।
- TMA -এর কাঠামো হবে নিম্নরূপ:
 - ক. একটি কাভার পৃষ্ঠা থাকবে। কাভার পৃষ্ঠায় কোর্সের নাম, কোড নম্বর, বিষয়বস্তু, শিক্ষার্থীর আইডি, শিক্ষাবর্ষ, ব্যাচ, সিমেন্টার, স্টাডি সেন্টারের নাম, টিউটরের নাম ও পদবি উল্লেখ থাকবে।
 - খ. ভিতরে প্রথম পৃষ্ঠায় সূচিপত্র থাকবে।
 - গ. দ্বিতীয় পৃষ্ঠা থেকে বিষয়বস্তু এবং সংকেত (যদি থাকে) অনুসারে ধারাবাহিক বর্ণনা থাকবে।
 - ঘ. সর্বশেষ পৃষ্ঠায় TMA তৈরিতে যে সকল গ্রন্থ ও অন্যান্য উৎসের সহায়তা নেয়া হয়েছে তার একটি গ্রন্থপঞ্জি থাকবে।
- TMA A4 সাইজের অফসেট কাগজে প্রতি পৃষ্ঠার একপাশে লিখতে হবে এবং বাঁধাই-এর জন্য বাম পাশে তিনটি স্ট্যাপল করে তা স্কচটেপ দিয়ে ঢেকে দিতে হবে (স্পাইরাল বা অন্য কোন প্রকারের বাঁধাই করা যাবে না)।
- এমএড পরীক্ষার রুটিনের সাথে TMA জমা দেওয়ার নির্দিষ্ট তারিখ ও সময় উল্লেখ থাকবে। শিক্ষার্থীবৃন্দ উল্লেখিত তারিখ ও সময়ে স্বশরীরে উপস্থিত হয়ে সংশ্লিষ্ট টিউটরের নিকট জমা দিতে হবে এবং স্বাক্ষর পত্রে স্বাক্ষর করতে হবে।
- কোন শিক্ষার্থীর TMA তৈরিতে নিম্নলিখিত কোন একটি অসুদপায় অবলম্বনের প্রমাণ পাওয়া গেলে উক্ত শিক্ষার্থীর TMA বাতিলসহ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
 - ক. TMA হুবহু কপি করা।
 - খ. স্বহস্তে না লিখে অন্য কোন ব্যক্তিকে দিয়ে লেখানো।
 - গ. TMA জমাদানে অবৈধভাবে অর্থের লেনদেন করা।
 - ঘ. TMA ফটোকপি করে জমাদান।

29.04.26